

# আপনার সঙ্গীর সাথে বসবাস করতে শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা



The Law Society

## আপনার ভবিষ্যত নিরাপদ করা

আপনার সঙ্গীর বাড়িতে একসাথে বাস করতে শুরু করা বা একসাথে একটা বাড়ি কেনা একটা উত্তেজনাপূর্ণ সম্ভাবনা বলে মনে হতে পারে। কিন্তু আইনের দৃষ্টিভঙ্গি থেকে তাদের অবস্থার যে কত ঝুঁকি থাকতে পারে তা খুব কম দম্পতিই বুঝতে পারেন। এটা হয়ত পুরানোপন্থী মনে হতে পারে, কিন্তু বিবাহিত দম্পতি বা সিভিল (দেওয়ানী আইনগত) দম্পতিদের মত একই রকম নিরাপত্তা অবিবাহিত দম্পতিদের আইনে দেওয়া হয়নি। সাধারণ প্রথাগত (কমন ল) বিবাহ বলে কিছু নেই। দুঃখের বিষয় এই যে, যতদিনে লোকে এটা বুঝতে পারেন, ততদিনে বেশীরভাগ সময়েই, বেশী দেরী হয়ে গেছে - সম্পর্কটা ভেঙ্গে গেছে অথবা সঙ্গীদের মধ্যে একজনের মৃত্যু হয়েছে এবং শুধুমাত্র তখনই তারা বুঝতে পারেন যে তাদের কোন আইনগত রক্ষণব্যবস্থা নেই।

আপনার যদি পরস্পরের সাথে বিবাহিত না হন অথবা কোন সিভিল দাম্পত্যের মধ্যে না থেকে থাকেন, তাহলে আপনার যা যা বিবেচনা করা দরকার, তা এই প্রচারণা (লিফলেট) বলে দেওয়া হয়েছে।

- আপনার কি কি অধিকার আছে;
- সব রকম পরিস্থিতিতে আপনার এবং আপনার সঙ্গীর অবস্থা কি দাঁড়াবে; এবং
- আপনার অবস্থা আরও নিরাপদ করার জন্য আপনি কি করতে পারেন।

## একজন সলিসিটর খুঁজে বের করা

ইতিমধ্যে আপনার কোন সলিসিটর না থাকলে, আপনার এলাকার সলিসিটরদের সম্বন্ধে তথ্য পাওয়ার জন্য [www.lawsociety.org.uk/findasolicitor](http://www.lawsociety.org.uk/findasolicitor) ঠিকানায় আপনি আমাদের ওয়েবসাইটে 'Family' (ফ্যামিলি) শিরনামের তলায় খুঁজে দেখবেন। অথবা 0870 606 2555 নম্বরে টেলিফোন করবেন।

## সলিসিটরের কি জানার দরকার হবে

আপনি একজন সলিসিটর নিয়োগ করার পরে, আপনার পরিস্থিতির একটা বিস্তারিত বিবরণ তার দরকার হবে। তিনি আপনার কাছে বিভিন্ন রকমের তথ্য চাইতে পারেন। এর মধ্যে থাকতে পারে:

- আপনার সম্পর্কের ইতিহাস সম্পর্কে বিস্তারিত বিবরণ;
- আপনার এবং আপনার সঙ্গীর স্থাবর ও অস্থাবর সম্পত্তির একটা তালিকা;
- আপনি যদি আপনার বসতবাড়ির মালিক হন, তাহলে তার মূল্য কত এবং বাড়িটা কার নামে;
- বাড়িটার মূল্যের মধ্যে আপনার এবং আপনার সঙ্গীর কার কত অবদান আছে (সম্পত্তিটাতে করা উন্নতির কাজ সমেত);
- অন্যান্য ধনসম্পত্তির মূল্য;
- আপনার ও আপনার সঙ্গীর আয়; এবং
- আপনার অথবা আপনার সঙ্গীর কোন সন্তান আছে কিনা।

তারপরে, আপনার সলিসিটর আপনার অধিকার সম্বন্ধে আপনাকে বুঝিয়ে বলবেন। যেসব পরিস্থিতিতে আপনার অথবা আপনার বসতবাড়ির অংশের ঝুঁকি থাকতে পারে তা আপনার নজরে আনবেন এবং এটা এড়ানোর জন্য আপনি কি ব্যবস্থা নেওয়ার কথা বিবেচনা করে দেখতে পারেন, তা আপনাকে বলে দেবেন।

মনে রাখবেন যে আপনার সলিসিটর একটা সময়ে শুধু একজন সঙ্গীর হয়ে কাজ করতে পারবেন। আপনারা দু'জনে চাইলেও, তিনি দু'জনেরই হয়ে কাজ করতে পারবেন না।

## বিবেচনা করার বিষয়

আইনের প্রধান যে সব বিষয়গুলি নিয়ে আপনার সলিসিটর আপনার সাথে কথা বলবেন তা এখানে দেওয়া হয়েছে।

### বসতবাড়ির মালিকানা

আপনি যদি কালের সাথে তার বাড়িতে বাস করতে শুরু করেন এবং বাড়িটা শুধু তার নামে হয়ে থাকে, তাহলে সেই বাড়ি বিক্রির ঠাকায় সাধারণতঃ আপনার কোন অধিকার থাকবে না। এটা প্রযোজ্য হবে, যদি না আপনি প্রমাণ করতে পারেন যে:

- বাড়ি কেনার সময় আগাম দেওয়ায় অথবা মর্টগেজ দেওয়ায় আপনার অবদান আছে; অথবা
- আপনি একটা আর্থিক দায়িত্ব নিয়েছেন, (যেমন, বাড়িটাতে কোন বড় রকমের কাজ করানোর খরচ আপনি দিয়েছেন) কারণ একমত হওয়া হয়েছিল যে আপনি বাড়ির একটা অংশের মালিক হবেন।

বাড়িটা আপনার নামে না হয়ে থাকলে, আপনার সঙ্গী আপনাকে বাড়ি ছেড়ে চলে যেতে বললে, আপনার হয়ত সেখানে বাস করার অধিকার থাকবে না।

তাহাড়াও, বাড়িটা আপনারদের দু'জনের যৌথ নামে না হলে, আপনার সঙ্গী যদি তার উইলে তা না বলে যান, তাহলে আপনার সঙ্গীর মৃত্যু হলে উত্তরাধিকারসূত্রে আপনার সেই বাড়িটা পাওয়ার কোন অধিকার নেই। তার যদি কোন উইল না থাকে, তাহলে আদালতের মাধ্যমে আপনার সঙ্গীর ধনসম্পত্তির ওপর আপনার একটা দাবি জানাতে হবে। আপনি এটা করতে পারবেন শুধুমাত্র যদি আপনারা দুই বছর বা তার বেশী একসাথে বসবাস করে থাকেন, অথবা আপনার সঙ্গী আপনাকে আর্থিক সাহায্য করতেন।

আপনার সলিসিটর হয়ত সুপারিশ করতে পারেন যে, হয় 'জয়েন্ট টেন্যান্ট' হিসাবে নয়ত 'টেন্যান্টস্ ইন কমন' হিসাবে, বাড়িটা আপনার সঙ্গীর নাম থেকে আপনাদের যৌথ নামে করে দেওয়া হোক। আপনি যদি 'জয়েন্ট টেন্যান্ট' হিসাবে বাড়িটার মালিক হন, তাহলে বাড়িটা আপনারা বিক্রি করলে, সাধারণতঃ 50% টাকা আপনার পাওয়ার অধিকার থাকবে। এবং আপনাদের মধ্যে একজনের মৃত্যু হলে, উইলে যাই লেখা থাকুক না কেন, অন্যজন আপনাকেই উত্তরাধিকার সূত্রে সম্পত্তিটা পাবেন।

তবে, 'টেন্যান্টস্ ইন কমন' হিসাবে আপনি যদি সম্পত্তিটার মালিক হন, তাহলে আপনার শুধু নিজের অংশটার মালিক হওয়ার অধিকার থাকবে, কিন্তু তার বেশী আর কিছু নয়। 'টেন্যান্টস্ ইন কমন' হিসাবে সম্পত্তিটার মালিক হওয়ার ফলে, সলিসিটরকে দিয়ে একটা 'টীড অফ ট্রাস্ট' লিখিয়ে নিয়ে আপনারা রীতিপতভাবে রাজী হতে পারেন যে আপনাদের মধ্যে কোনজন সম্পত্তির ঠিক কোন অংশটার মালিক। এতে, পরে মতবিরোধ প্রতিরোধ করা যেতে পারে। যদি আপনাদের মধ্যে কোন একজন তার মৃত্যুর পরে অন্যজনকে তার সম্পত্তির অংশটা দিয়ে যেতে চান, তাহলে সেটা একটা উইলের মাধ্যমে লিখে রেখে যেতে হবে।

### একসাথে বাড়ি ভাড়া নেওয়া

আপনারা যদি একসাথে বাড়ি ভাড়া নেন, তাহলে টেন্যান্টী এগ্রিমেন্টটা (ভাড়ার চুক্তিটা) দু'জনের নামে থাকারাই বৃদ্ধিমানের কাজ।

### সন্তান

আপনার সঙ্গীর সাথে আপনার যদি কোন সন্তান থেকে থাকে, তাহলে সেই সন্তানের পদবী কি হবে ও তার জন্ম কি ভাবে রেজিস্টার করা হবে, সে বিষয়ে আপনার চিন্তা করা দরকার। আপনার সন্তানের জন্য কি পদবী পছন্দ করবেন তা আপনার ও আপনার সঙ্গীর ব্যাপার, এবং আপনারা যৌথভাবে সন্তানের জন্ম রেজিস্টার করতে পারেন।

আপনি ও আপনার সঙ্গী যদি পরস্পরের সাথে বিবাহিত না হন, তাহলে আইন অনুসারে, আপনাকে মায়ের ওপর সেই সন্তানের জন্য পেরেণ্টাল রেসপঞ্জিবিলাটি (বাবা/মা হিসাবে দায়িত্ব) থাকবে। 2003 সালের 1লা ডিসেম্বর থেকে, বার্থ সার্টিফিকেটে যদি বাবার নাম যৌথভাবে রেজিস্টার করা হয়, তাহলে সেই সন্তানের জন্য বাবারও পেরেণ্টাল রেসপঞ্জিবিলাটি থাকবে। তা নাহলে, আপনার সলিসিটরের সাহায্যে, আপনি আপনার সঙ্গীর সাথে যৌথভাবে পেরেণ্টাল রেসপঞ্জিবিলাটি নেওয়ার চুক্তি করতে পারেন। পরে যদি আপনি এবং আপনার সঙ্গী আলাদা হয়ে যান, তখন এটা গুরুত্বপূর্ণ হতে পারে।

আপনি যদি এমন কালের সাথে একসাথে বাস করেন যার আগে একটা সম্পর্কের কোন সন্তান আছে, তাহলে আইন আপনাকে কোনরকম পেরেণ্টাল রেসপঞ্জিবিলাটি দেবে না। এর মানে কি, তা আপনার সলিসিটর আপনাকে বুঝিয়ে বলতে পারবেন।

### সন্তান ও বিচ্ছেদ

আপনার ও আপনার সঙ্গীর মধ্যে যদি বিচ্ছেদ হয়ে যায় এবং আপনাদের একসাথে কোন সন্তান থেকে থাকে, তাহলে আপনি সন্তানের ভরণপোষণের উদ্দেশ্যে চাইল্ড সাপোর্ট এজেন্সীর কাছে আবেদন করতে পারেন এবং অন্যান্য ধরনের বিভিন্ন আর্থিক সাহায্যের জন্য একটা আদালতের কাছে আবেদন করতে পারেন। এই ব্যাপারে যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি আপনার সলিসিটরের সাথে কথা বলা উচিত।

### নিকটতম আত্মীয় হিসাবে স্বীকৃতি

আপনার সঙ্গী যদি অসুস্থ হন অথবা তার যদি মৃত্যু হয়, তাহলে চিকিৎসা সংক্রান্ত বিষয়ে আপনাকে হয়ত তার 'নিকটতম আত্মীয়' বলে স্বীকার করা হবে না, যদি না আগে থেকে আপনি ও আপনার সঙ্গী একটা লিখিত চুক্তি করে থাকেন। এই চুক্তিটার বিষয়ে আপনার সলিসিটর আপনাকে সাহায্য করতে পারবেন।

# আপনার সঙ্গীর সাথে বসবাস করতে শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা



The Law Society

## ব্যঞ্চে টাকাপয়সা রাখা

আপনার ও আপনার সঙ্গীর আলাদা ব্যঞ্চে একাউন্ট থাকলে, আপনি আপনার সঙ্গীর একাউন্টের টাকাপয়সাতে হাত দিতে পারবেন না। আপনার সঙ্গীর যদি মৃত্যু হয়, তাহলে তার ব্যঞ্চে একাউন্টের টাকাপয়সা, তার এস্টেটের (সব ধনসম্পত্তির) অংশ হয়ে যাবে। এর মানে এই যে, উইলে বলা না থাকলে, আপনাকে আপনাকে আপনার সঙ্গীর টাকাপয়সা আপনি উত্তরাধিকারী হিসাবে পাবেন না।

এটা সমাধান করার একটা উপায় হচ্ছে একটা যৌথ (জয়েন্ট) ব্যঞ্চে একাউন্ট রাখা। তাহলে, আপনার সঙ্গীর মৃত্যু হলে, পুরো একাউন্টই আপনার সম্পত্তি হয়ে যাবে।

## ট্যাক্স (কর) সংক্রান্ত অবস্থা

বিবাহিত দম্পতি বা সিভিল দম্পতিদের মত একই রকম ট্যাক্স সংক্রান্ত সুবিধাগুলি আপনি ও আপনার সঙ্গী পাবেন না, বিশেষ করে ক্যাপিটাল গেইনস্ ট্যাক্স এবং ইনহেরিটেন্স ট্যাক্সের ব্যাপারে। বিবাহিত দম্পতি এবং সিভিল দম্পতিদের মত না হয়ে, আপনি বেশীরকমের ধনসম্পত্তি আপনার সঙ্গীকে দিতে চাইলে আপনাকে হয়ত ট্যাক্স দিতে হতে পারে।

## পেনশন স্কীম (অবসরভাতা সংক্রান্ত পরিকল্পনা)

আপনার যদি মৃত্যু হয়, তাহলে আপনার স্টেট পেনশন (রাষ্ট্রীয় অবসরভাতা) আপনাকেই আপনার সঙ্গীকে দিয়ে দেওয়া হবে না। কম্পানী এবং ব্যক্তিগত পেনশনের ক্ষেত্রে অন্য নিয়মকানুন প্রযোজ্য, এবং আপনার ও আপনার সঙ্গীর ঠিক কি রকমের পেনশনের ব্যবস্থা আছে তা আপনার সলিসিটারের সাথে খুঁটিয়ে দেখে নেওয়া সবচেয়ে ভাল।

## একটা উইল করা

কি কি স্থাবর এবং অস্থাবর সম্পত্তি আপনার নিজস্ব, এবং আপনার সঙ্গীর নয়, তা বলায় একটা কার্যকরী উপায় হচ্ছে একটা উইল করে লিখে রাখা। আপনি যদি কোন উইল না করেন, তাহলে আপনার মৃত্যু হলে, আপনাকে আপনাকে আপনার সম্পত্তির কোন অংশ পাওয়ার অধিকার আপনার সঙ্গীর থাকবে না। কাজেই আপনি যদি আপনার সঙ্গী বা তার সন্তানদের উত্তরাধিকারী করতে চান, তাহলে এটা করা অত্যাবশ্যিক।

## একসাথে বাস করা সংক্রান্ত চুক্তি

একটি দম্পতির আর্থিক ও অন্যান্য ব্যবস্থাপনা নিরাপদ করার পদ্ধতি হিসাবে এগুলি আস্তে আস্তে ক্রমশঃই স্বীকৃতি পাচ্ছে। এগুলিতে আগে থেকেই বলে দেওয়া হয় যে সম্পর্ক থাকাকালীন, এবং তারা আলাদা হয়ে গেলে বা তাদের মধ্যে একজনের মৃত্যু হলে, এই সম্পর্কের একজন সঙ্গী, অন্যজনের কাছ থেকে কি আশা করতে পারেন। এগুলি হচ্ছে 'অনারেবল্ এগ্রিমেন্টস' (সততার ওপর নির্ভরশীল চুক্তি), যার মানে হচ্ছে যে আদালত এর সব অংশকে মেনে চলতে বাধ্য করতে পারবে না। কিন্তু, মতবিরোধ কমাতে এগুলি সাহায্য করে এবং অবশ্যই কিছুটা মানসিক শান্তি দেয়।

এই জাতীয় কোন চুক্তি সই করার আগে, আপনার এবং আপনার সঙ্গী, দু'জনেরই আলাদাভাবে আইন সংক্রান্ত উপদেশ নেওয়া উচিত।

## মতবিরোধ

দুঃখের বিষয় এই যে, একজন সঙ্গীর মৃত্যু, সম্পর্ক ভেঙ্গে যাওয়া অথবা অন্য কোনরকম সঙ্কট না হওয়া পর্যন্ত, বেশীরভাগ দম্পতিই কোন আইন সংক্রান্ত উপদেশ নেন না। এই পর্যায়ে, কোন সমস্যার সমাধান করা খুব কম ক্ষেত্রেই সহজ হয়। কিন্তু, আপনার স্বার্থ রক্ষা করার জন্য, আপনার সলিসিটারের জ্ঞান ও অভিজ্ঞতা থাকবে। আপনার কি কি অধিকার আছে তা পরীক্ষা করে দেখার মত সহজ ব্যাপারই হোক অথবা সন্তান সম্পর্কিত কোন জটিল ব্যাপারই হোক, আইনের মধ্যে আপনার জন্য সবচেয়ে ভাল সমাধান আপনার সলিসিটার খুঁজে বের করতে পারবেন।

## খরচ

বিভিন্ন সলিসিটারদের মধ্যে, খরচের তফাৎ হতে পারে। খরচটা নির্ভর করবে:

- সলিসিটারের অভিজ্ঞতা ও জ্ঞানের ওপর;
- কি ধরনের পরিষেবা (সার্ভিস) দেওয়া হচ্ছে; এবং
- কোন চুক্তি তৈরী করার দরকার আছে কিনা।

আপনি কাকে ব্যবহার করবেন তা ঠিক করার আগে, কয়েকজন স্থানীয় সলিসিটারের কাছ থেকে জেনে নেওয়া ভাল যে তারা কত চার্জ করেন। তবে, শুধু খরচটাই একমাত্র বিবেচনার বিষয় নয়। আপনি যার কাছে সহজে যেতে পারবেন এবং যার উপদেশ আপনি বুঝতে পারবেন, এরকম একজন সলিসিটার খুঁজে বের করাও সমান গুরুত্বপূর্ণ।

আপনার আয় যদি অল্প হয় অথবা আপনি রাষ্ট্রীয় (স্টেট) বেনিফিট পেয়ে থাকেন, তাহলে আপনার আইন সংক্রান্ত খরচের জন্য আপনি হয়ত সাহায্য পেতে পারেন। আপনি এই সাহায্য পাওয়ার উপযুক্ত কিনা তা আপনার সলিসিটার আপনাকে বলতে পারবেন।

## আরও তথ্য

সবচেয়ে বেশী যে সব ধরনের আইন সংক্রান্ত পরিষেবা (সার্ভিস) সলিসিটাররা দিয়ে থাকেন, সে বিষয়ে একগুচ্ছ প্রচারপত্রের (লিফলেটের) মধ্যে এটা হচ্ছে একটা। এই শ্রেণীর অন্যান্য প্রচারপত্রগুলির নাম নিচে দেওয়া হয়েছে। আপনার সলিসিটারের কাছ থেকে অথবা **0870 3333 084** নম্বরে ল সোসাইটিকে টেলিফোন করে এগুলি আপনি পেতে পারেন।

- একটা বসতবাড়ি কেনা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একটা উইল করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- বিবাহ-বিচ্ছেদ করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- কাজের জায়গার সমস্যা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- ব্যবসা শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- ব্যক্তিগত আঘাতের জন্য ক্ষতিপূরণ দাবি করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- ব্যক্তিগত অর্থ সংক্রান্ত বিষয়ে আপনার নির্দেশিকা
- আপনার সম্পত্তি ভাড়া দেওয়া সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একটা বসতবাড়ি ভাড়া নেওয়া সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একজন সলিসিটার ব্যবহার করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- প্রোবোর্ট সম্বন্ধে আপনার নির্দেশিকা
- গ্যাসাইলাম (আশ্রয়) প্রার্থনা করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

**আপনি এই প্রচারপত্রটি বড় ছাপায়, ব্রেইল-এ, কানে শোনার টেপ-এ এবং সিডিতে পেতে পারেন। আপনার যদি এই সংস্করণগুলির কোনটা দরকার হয়, তাহলে দয়া করে [accessibility@lawsociety.org.uk](mailto:accessibility@lawsociety.org.uk) ঠিকানায় ইমেইলে আমাদের সাথে যোগাযোগ করবেন অথবা **0870 606 2555** নম্বরে টেলিফোন করবেন।**

**এই প্রচারপত্রটি আপনি বিভিন্ন ভাষায়ও পেতে পারেন। [www.lawsociety.org.uk](http://www.lawsociety.org.uk) ঠিকানায় আমাদের ওয়েবসাইটে গেলে আপনি এগুলি পাবেন।**

Lexcel

Look for Lexcel - the mark of excellence

The Law Society 113 Chancery Lane London WC2A 1PL টেলিফোন: 020 7242 1222 [www.lawsociety.org.uk](http://www.lawsociety.org.uk)

যদিও আমরা সঠিক তথ্য দেওয়ার জন্য যত্নসহ চেষ্টা করেছি, সবকমই আইনের পরিবর্তন হয় এবং তার প্রভাব বিভিন্ন লোকের ওপর বিভিন্নভাবে পড়ে। আপনার সম্বন্ধে ব্যক্তিগতভাবে আপনাকে বিশেষ উপদেশ দেওয়ার বিকল্প এই প্রচারপত্রটি (লিফলেটটি) নয় এবং আপনি এই প্রচারপত্রটির ওপর নির্ভর করলে, আপনার কাছে আমরা দায়ী হব না।

Designed by dmlmarketing.co.uk Version 2, 2007 Your guide to setting up home with your partner - Bengali